



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 11/30/2022

গভর্নর ক্যাথি হোকল

গভর্নর হোকল ঘোষণা করলেন বিচারপতি ই. জিনেট ওগডেনকে নিউ ইয়র্ক স্টেটের আপিল বিভাগ, চতুর্থ বিভাগে নিয়োগদান করা হয়েছে

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে তিনি নিউ ইয়র্ক স্টেটের আপিল বিভাগের (New York State Appellate Division) চতুর্থ জুডিশিয়াল বিভাগে (Fourth Judicial Department), যা সেন্ট্রাল ও ওয়েস্টার্ন নিউ ইয়র্কে সেবাদান করে, বিচারপতি ই. জিনেট ওগডেনকে নিয়োগদান করেছেন।

"প্রায় 30 বছর ধরে, বিচারপতি ই. জিনেট ওগডেন একজন ন্যায্য ও নিরপেক্ষ জুরিস্ট হিসেবে দায়িত্ব পালন করেছেন, ওয়েস্টার্ন নিউ ইয়র্কের মানুষের জন্য আইনের শাসন প্রতিষ্ঠা করেছেন," **গভর্নর হোকল বলেন।** "আমি বিচারপতি ওগডেনকে আপিল বিভাগের চতুর্থ বিভাগে নিয়োগ দিতে পেরে সম্মানিত বোধ করছি, এবং আমি আত্মবিশ্বাসী যে তিনি বিশিষ্টভাবে দায়িত্ব পালন করে যাবেন।"

বিচারপতি ই. জিনেট ওগডেন 2015 সাল থেকে নিউ ইয়র্ক স্টেটের সুপ্রিম কোর্টের (New York State Supreme Court) একজন বিচারপতি হিসেবে দায়িত্ব পালন করছেন। সুপ্রিম কোর্টে দায়িত্ব পালনের পূর্বে, বিচারপতি ওগডেন বাফেলো সিটি কোর্টের (Buffalo City Court) একজন বিচারপতি ছিলেন। এছাড়াও তিনি ইরি কাউন্টির কাউন্টি ও পারিবারিক আদালতসমূহের ভারপ্রাপ্ত বিচারপতি হিসেবে দায়িত্ব পালন করেছেন। বিচারপতি ওগডেন এছাড়াও বর্তমানে নিউ ইয়র্ক স্টেট ইউনিভার্সিটির (State University of New York, SUNY) বাফেলো আইন স্কুলের (Buffalo Law School) একজন অ্যাডজাক্ট প্রশিক্ষক এবং ডেমন কলেজের (Daemen College) একজন অ্যাডজাক্ট অধ্যাপক। তিনি জাতীয় নারী বিচারপতি অ্যাসোসিয়েশনের (National Association of Women Judges), নিউ ইয়র্ক স্টেট জুডিশিয়াল নীতির উপদেষ্টা কমিটি (NYS Advisory Committee on Judicial Ethics), ইরি কমিউনিটি কলেজ অপরাধ ন্যায়বিচার উপদেষ্টা পরিষদ (Erie Community College Criminal Justice Advisory Council), অষ্টম জুডিশিয়াল জেলা লিঙ্গ ও বর্ণ সংক্রান্ত ন্যায্যতার কমিটি (Eighth Judicial District Gender and Racial Fairness Committee), অশ্বেতাঙ্গ মানুষের অগ্রগতির জন্য জাতীয় অ্যাসোসিয়েশন (National Association for the Advancement of Colored People, NAACP), এবং ওয়েস্টার্ন নিউ ইয়র্কের নারী উকিলবৃন্দের (Women Lawyers of Western New York.) সদস্য। এছাড়াও বিচারপতি ওগডেন হাই স্কুল, কলেজ, এবং আইন শিক্ষার্থীদের একজন মেন্টর হিসেবে কাজ

করেন এবং নিয়মিতভাবে নাগরিক ও সম্প্রদায়ের সংগঠন, সরকারি স্কুল, ও গির্জাতে বক্তা হিসেবে উপস্থিত থাকেন।

অ্যাসেম্বলি সংখ্যাগরিষ্ঠ নেতা ক্রিস্টাল পিপল-স্টোকস বলেন, "সুপ্রিম কোর্টের বিচারপতি ই. জিনেট ওগডেনকে অভিনন্দন গভর্নর ক্যাথি হোকলের কাছ থেকে সুপ্রিম কোর্টের আপিল বিভাগের চতুর্থ বিভাগে নিয়োগ পাওয়ার জন্য। বিচারপতি ওগডেন অনেক বেশি মাত্রায় ও পরিসরে সম্মানিত, এবং আমার কোনও সন্দেহ নেই যে তিনি ওয়েস্টার্ন নিউ ইয়র্কবাসীকে গর্বিত করে যাবেন নিউ ইয়র্ক স্টেটের আইনের শাসন প্রতিষ্ঠা করার মাধ্যমে। ধন্যবাদ গভর্নর হোকল, এটি দারুণ একটি নির্বাচন।"

ইরি কাউন্টি ডিসট্রিক্ট অ্যাটর্নি জন এফ. ফ্লিন বলেন, "বিচারপতি জিনেট ওগডেন বিভিন্ন আদালতের বিচারপতি হিসেবে প্রায় 30 বছর ধরে আমাদের সেবাদান করেছেন। তার আইনি জ্ঞান ও অভিজ্ঞতা আপিল বিভাগের চতুর্থ জুডিশিয়াল বিভাগের একটি দুর্দান্ত সম্পদ হিসেবে কাজ করবে।" আমি বিচারপতি ওগডেন আমার অভিনন্দন জানাচ্ছি তার সুপ্রাপ্য নিয়োগের জন্য যেখানে তিনি নিউ ইয়র্কের মানুষকে সেবাদান করে যাবেন।

ব্যাফেলো সিটির মেয়র বায়রন ব্রাউন বলেন, "আমি কৃতজ্ঞ যে গভর্নর ক্যাথি হোকল মাননীয় ই. জিনেট ওগডেনকে আপিল বিভাগের চতুর্থ বিভাগে নিয়োগদান করেছেন। ব্যাফেলো সিটি কোর্টে এবং এখন নিউ ইয়র্ক স্টেটের সুপ্রিম কোর্টে নিয়োগ পাওয়ার পর থেকে, বিচারপতি ওগডেন নিরলসভাবে ওয়েস্টার্ন নিউ ইয়র্কের জন্য কাজ করেছেন এবং তিনি এই অঞ্চলের সর্বাধিক সম্মানিত জুরিস্টদের একজন। আমি আত্মবিশ্বাসী যে বিচারপতি ওগডেন তার অনন্য যোগ্যতা ও অভিজ্ঞতা ব্যবহার করে চতুর্থ বিভাগে অমূল্য দৃষ্টিভঙ্গি নিয়ে আসবেন।"

আপিল বিভাগের চতুর্থ ডিপার্টমেন্টের বিচার বিভাগীয় ক্লিনিং কমিটি আবেদনসমূহ পর্যালোচনা করেছে এবং কয়েক ডজন আবেদনকারীর সাক্ষাৎকার নিয়েছে। শুধুমাত্র যেসব আবেদনকারীকে কমিটিগুলো "অত্যন্ত যোগ্য" বলে গণ্য করেছিল তাদেরকে বিবেচনার জন্য গভর্নরের কাছে জমা দেওয়া হয়েছিল। "অত্যন্ত যোগ্য" হিসেবে বিবেচিত হওয়ার জন্য প্রার্থীদেরকে অবশ্যই সততা, আত্মনির্ভরশীলতা, নেতৃত্ব, মেধা, আইনি সক্ষমতা, বিচারবোধ, মেজাজ, ও অভিজ্ঞতা প্রদর্শন করতে হবে।

নিউ ইয়র্ক স্টেটের সংবিধান (New York State Constitution) ও বিচার বিভাগের আইন (Judiciary Law) অনুসারে, সুপ্রিম কোর্টের বিচারক হিসেবে যাঁরা নির্বাচিত হয়েছেন, তাঁদের মধ্যে থেকে প্রতিটি আপিল বিভাগে বিচারক নিয়োগ করার কর্তৃত্ব গভর্নরের। এই নিয়োগসমূহের জন্য সিনেট নিশ্চিতকরণ প্রয়োজনীয় নয়।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে: www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418